ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৪০

আগরতলা, ৫ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'রাস্তার ধারে স্তূপীকৃত মেয়াদোত্তীর্ণ ওষুধ, চাঞ্চল্য' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় আজ (৫মে ২০২৫) প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের পক্ষ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, উত্তর জেলার যুবরাজনগর বিধানসভা কেন্দ্রের হাফলং গ্রামপঞ্চায়েতের কার্গিল টিলা এলাকায় মেয়াদোত্তীর্ণ ওষুধ দেখা যাওয়ার সংবাদ পাওয়া মাত্র জেলার ড্রাগ ইন্সপেক্টরকে ঘটনাস্থলে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। তিনি এই মেয়াদোত্তীর্ণ ওষুধগুলি বাজেয়াপ্ত করে সুরক্ষিত স্থানে মজুত করে রেখেছেন। ঘটনার তদন্ত চলছে।

******